



তারিখঃ ২২/০৯/২০২০ (পৃঃ ০৯)

পোকা দমন : বোরহানউদ্দিনে জনপ্রিয় হচ্ছে 'আলোর ফাঁদ'

এমএইচ শিপন, বোরহানউদ্দিন (ভোলা)

ভোলার বোরহানউদ্দিনে ফসলের পোকা দমনে জনপ্রিয় হয়ে উঠেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত 'আলোর ফাঁদ'। এতে একদিকে উৎপাদন খরচ যেমন বাঁচে তেমনি দূষণের হাত থেকে রক্ষা পায় পরিবেশ। ফলে কৃষকদের কাছে দিন দিন জনপ্রিয় হয়ে উঠেছে এই 'আলোর ফাঁদ' পদ্ধতি।

বোরহানউদ্দিন উপজেলা কৃষি কর্মকর্তা ওমর ফারুক জানান, উপজেলায় ২৮টি ব্লকের মধ্যে ২০টিতে 'আলোর ফাঁদ' পাতা হয়েছে। ২-৩ দিনের মধ্যে বাকি ৮টিতেও ফাঁদ পাতা হবে।

জমিতে 'আলোর ফাঁদ' ব্যবহার করায় ফসলে কী ধরনের কীটনাশক এবং কী পরিমাণ কীটনাশক দেওয়া দরকার তা কৃষকরা বুঝতে পারছেন। এমনকি অনেক উপকারী পোকা-মাকড়ও কীটনাশকের হাত থেকে রক্ষা পাচ্ছে। পাশাপাশি কিছু কিছু পোকা-মাকড় শনাক্ত হলে যাঁঠে শুধু গাছের তাল-পালা পুতে দিলেই পাখি ওই পোকা খেয়ে ফেলে। ফলে দিন দিন কৃষকরা এই কৃষিবান্ধব পদ্ধতির প্রতি আগ্রহী হয়ে উঠছেন।

বড়মানিকা ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা মো. মনির হোসেন ও কুতুবা ব্লকের উপ-সহকারী কর্মকর্তা সৈয়দ ফাহিম জানান, জমির পাশেই একটি পাথ্রে পানির মধ্যে কেরোসিন তেলে অথবা সাবানের ফেনা তৈরি করে তার এক ফুট ওপরে আলোর ব্যবস্থা করা হয়। পোকা-মাকড় আলোর কাছে এসেই পানিতে পড়ে যায়, পরে তারা আর উঠতে পারে না। মরে যাওয়া বা পানিতে পড়া পোকা-মাকড় দেখেই বোঝা যায় জমিতে কী ধরনের পোকা-মাকড় আক্রমণ করেছে।